


গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০০.০১৪.০১.২০- ৫৪৫

তারিখঃ ২০/০৯/২০২১ ইং।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মাদারগঞ্জ উপজেলাধীন ২০২০-২১ অর্থ বছরের ইউজিডিপি তহবিল দ্বারা রাস্তাবায়নের জন্য প্রকল্প গ্রহণের নিমিত্তে আগামী ২৬/০৯/২০২১ ইং তারিখ দুপুর ০২-০০ ঘটিকায় উপজেলা পরিষদ হল রুমে প্রকল্প বাচাই বাছাই কমিটি সভা অনুষ্ঠিত হইবে। উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ কর হইল।


উপজেলা প্রকৌশলী
মাদারগঞ্জ, জামালপুর।
তারিখঃ ২০/০৯/২০২১ ইং।

স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০০.০১৪.০১.২০- ৫৪৫(৫)/১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। জেলা প্রশাসক, জামালপুর।
- ২। নিবাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- ৪। উপজেলা নিবাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৫। উপজেলা ----- অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৬। জনাব -----, আপনাকে
যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

উন্নয়নমূলক প্রকল্প বাছাই কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মোঃ ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
তারিখ : ২৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.
সময় : দুপুর ০২.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ হল রুম।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট - ক

সভাপতি সাহেব সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সাহেব উপজেলা প্রকৌশলী কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা প্রকৌশলী বলেন, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রকল্প পরিচালকের কার্যালয় হতে ২০২০-২০২১ অর্থ বছরের সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের জন্য ১০ (দশ) লক্ষ ও অবকাঠামোমূলক উন্নয়ন উপ-প্রকল্পের জন্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করতে বলা হয়েছে। তাই বিভিন্ন উৎস (বিভিন্ন দপ্তর ও উপজেলা কমিটি) হতে প্রাপ্ত প্রকল্পগুলো যাচাই-বাছাই করে উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদনের জন্য সুপারিশের নিমিত্তে উপস্থাপন করা হলো।

এরপর অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	২	৩	৪
০১.	ক. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের জন্য প্রাপ্ত প্রস্তাবনা- ০১। উপ-প্রকল্প-০১ ক. নিরাপদ মৎস্য উৎপাদনে আধুনিক প্রযুক্তির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ। খ. মৎস্য আইন বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ। গ. খাঁচায় মাছচাষ ও পোনা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। ০২। উপ-প্রকল্প-০২ যুবকদের স্ক্রি ল্যাঙ্গিং ও ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ। ০৩। উপ-প্রকল্প-০৩ : বেকার যুবকদের গবাদী পশুর টিকা প্রদান ও কর্মসংস্থান বিষয়ক প্রশিক্ষণ। ০৪। উপ-প্রকল্প-০৪ উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের Web Portal Upload এবং PPR বিষয়ক প্রশিক্ষণ। ০৫। উপ-প্রকল্প-০৫ মাধ্যমিক বিদ্যালয়ের আইসিটি শিক্ষকদের ICT in Materials, Literacy, Troubleshooting & Maintenance বিষয়ক প্রশিক্ষণ। ০৬। উপ-প্রকল্প-০৬ সিএনজি, অটোরিক্সা ও স্ক্রি হুইলার চালকদের ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ। ০৭। উপ-প্রকল্প-০৭ জরায়ু ও স্তন ক্যান্সার প্রতিরোধে করণীয় বিষয়ক প্রশিক্ষণ।	দাখিলকৃত প্রকল্প সমূহ জন গুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায় উপজেলা পরিষদ সভায় বাস্তবায়নের নিমিত্তে অনুমোদনের জন্য সুপারিশ করেন।	ক. প্রকল্প সমূহ প্রাথমিক পর্যায়ে বাছাই করা হয় এবং উপ-প্রকল্প-সমূহ উপজেলা পরিষদের সভায় উপস্থাপন পূর্বক উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করার জন্য চূড়ান্ত অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণের সুপারিশ করা হয়।
২.	খ. ইউজিডিপি এর আওতায় ২০২০-২০২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্পের প্রাপ্ত প্রস্তাবনা সমূহ নিম্নে উপস্থাপন করা হলো- উপ-প্রকল্প-০১ বিনোদটঙ্গি মহিষবাথান ধলিরবন্দ কারিগরী স্কুল এবং কলেজের কমন রুম কাম শ্রেণিকক্ষ নির্মাণ। উপ-প্রকল্প-০২ হিদাগারি ও ফুলজোড় কমিউনিটি ক্লিনিকে লেবার (ডেলিভারী) রুম নির্মাণ। উপ-প্রকল্প-০৩ সোলার চালিত সেচ পাম্প স্থাপন।	দাখিলকৃত প্রকল্প সমূহ জন গুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায় উপজেলা পরিষদ সভায় বাস্তবায়নের নিমিত্তে অনুমোদনের জন্য সুপারিশ করেন।	খ. প্রকল্প সমূহ প্রাথমিক পর্যায়ে বাছাই করা হয় এবং উপ-প্রকল্প-সমূহ উপজেলা পরিষদের সভায় উপস্থাপন পূর্বক উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করার জন্য চূড়ান্ত অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণের সুপারিশ করা হয়।